

**পরীক্ষার্থীদের প্রতি**

১. নকল করে পরীক্ষা পাস, ডেকে আনে সর্বনাশ।
২. নকল ব্যক্তিকে করে ছোট, জাতিকে করে মেধাহীন।
৩. নকল শুধু পরীক্ষার্থীকেই ছোট করে না, দেশ ও জাতিকে করে অসম্মানিত।
৪. নকল করে অর্জিত সনদ ওকনো পাতার মতই মূল্যহীন।
৫. পরীক্ষায় নকল শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করে। জাতিকে বিপর্যস্ত করে।
৬. নকল করে ডিগ্রী নিয়ে নিজেই প্রভাবিত করবেন না, হতাশ হবেন না।
৭. নকল করে পাওয়া ডিগ্রী কর্মজীবনে কোন কাজে আসে না।
৮. পরীক্ষায় নকলকারী সমাজে ঘৃণ্য ব্যক্তি হিসেবে চিহ্নিত হয়।
৯. নকল করে পরীক্ষা পাসের দুর্বলতা আজীবন হয়ে বেড়াতে হয় এবং এজন্য কর্মজীবনে পদে পদে লজ্জিত ও বিব্রত হতে হয়।
১০. নকল করে বহিস্কৃত হলে শিক্ষা জীবনের মূল্যবান সময় নষ্ট হয়, এর ফলে ছাত্রছাত্রীর পেশাপড়া বন্ধ হয়ে যেতে পারে। শিক্ষা জীবন ধ্বংস হওয়ার ফলে কর্মজীবন হতাশা ও ব্যর্থতায় পর্যবসিত হতে পারে।
১১. ভুল পরিচয় দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে বা পরীক্ষায় বহিস্কৃত হলে পরীক্ষার্থীর কারাদণ্ড অথবা অর্ধদণ্ড কিংবা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হতে পারে। এর ফলে পরবর্তীকালে চাকুরী, ব্যবসার প্রতিটি ক্ষেত্রে ভয়ঙ্কর প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হবে।

**\* শিক্ষকের প্রতি**

১. নকল মুক্ত কর দেশ, জ্ঞানের হবে প্রসার বেশ।
২. শিক্ষক হিসাবে নকলে সহায়তা করে অভিশূচ হওয়া সমগ্র শিক্ষক সমাজের জন্য কলকোজনক। নিজের অপমানের দায় যাতে শিক্ষক সমাজের উপর না বর্তায় সে বিষয়ে সচেতন থাকুন।
৩. পরীক্ষক হিসেবে নকলে সহায়তা করলে :
  - (ক) বহিস্কৃত হতে পারেন।
  - (খ) বেতন-জাতাদি বন্ধ হতে পারে।
  - (গ) চাকুরীচ্যুত হতে পারেন।
 এর ফলে নিজের ও পরিবারের সামাজিক মর্যাদা ক্ষুণ্ণ হওয়াসহ আর্থিক অনটন সৃষ্টি হওয়াসহ কর্মজীবন ব্যর্থতায় পর্যবসিত হতে পারে।
৪. পরীক্ষা কেন্দ্র থাকতে হলে নকল থাকতে পারবে না, নকল থাকলে কেন্দ্র থাকবে না। কেন্দ্র এবং নকল একসাথে থাকতে পারবে না।

**\* নকলে সহায়তাকারীদের প্রতি**

১. নকলকারী যতটা অপরাধী, নকলে সহায়তাকারী তার চেয়ে বেশি অপরাধী।
২. নকলে সহায়তা পারিবারিক ও সামাজিক বিপত্তি ডেকে আনে।
৩. নকলে সহায়তাকারী সমাজের কাছে ঘৃণার পাত্র।
৪. পরীক্ষায় হলে নকল সরবরাহ করলে বা নকলে সহায়তা করলে কারাদণ্ড অথবা অর্ধদণ্ড কিংবা উভয়বিধ দণ্ড হতে পারে।
৫. পরীক্ষায় প্রস্তুপত্র সম্বলিত কোন কাগজপত্র অথবা পরীক্ষার জন্য প্রণীত হয়েছে বলে মিথ্যা ধারণা দায়ক কোন কাগজ যেকোন উপায়ে ফাঁস, প্রকাশ বা বিতরণ করা হলে কারাদণ্ড অথবা অর্ধদণ্ড কিংবা উভয়বিধ দণ্ড হতে পারে।

**\* সমাজের প্রতি**

১. আপনার সন্তানকে পরীক্ষায় নকল করা থেকে বিরত রাখুন। দেশের ডাবমূর্তি উদ্ধার করুন।
২. পাবলিক পরীক্ষায় নকল প্রতিহত করুন। নকলের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলুন।
৩. শিক্ষারূপে নকল প্রতিরোধে ঐক্যবদ্ধ হোন, এ অভিশাপ থেকে জাতিকে মুক্ত করুন।
৪. নকল মুক্ত পরীক্ষা চাই, দেশের ভবিষ্যৎ গড়তে চাই।
৫. পরীক্ষায় নকল করা বা নকলে সহায়তা প্রদান করা থেকে বিরত থাকার জন্য সবাইকে উদ্বুদ্ধ করুন।

পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক  
শিক্ষাবোর্ড, ঢাকা।

সি-১১১৭ (১০x২)